দৈনিক সংবাদ

তারিখ ... 22 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

31

চট্টগ্রামে উপাচার্যের বাসভবন অবরোধ ॥ ক্যাম্পাসে উত্তেজনা

# জামাতপন্থী ছাত্র-শিক্ষকদের বিশ্ববিদ্যালয় বন্ধের হুমকি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২১শে ডিসেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আবার উত্তেজনাকর হয়ে উঠেছে। জামাতপন্থী ছাত্র-শিক্ষকরা আগামীকাল শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার হুমকি দিয়েছে। অপরদিকে অধিকাংশ শিক্ষক এবং চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য নেতৃবৃন্দ এ হুমকির নিন্দা করে যে কোন মূল্যে বিশ্ববিদ্যালয় খোলা রাখার অঙ্গীকার ব্যক্ত করেছেন। শিবির কর্মীরা আজ বিকেল থেকে উপাচার্যের বাসভবন অবরোধ করে রেখেছে। তারা শিক্ষকদের শহরে আসার পথে বাধা দেয় এবং দুপুরে দু'টি বাস গ্যারেজে আটকে রাখে। তারা সারাদিন ধরে ক্যাম্পাস ও ছাত্রাবাসে মিছিল করে উত্তেজনাকর শ্লোগান দেয়।

গতকাল ক্যাম্পাসে জামাতপন্থী ছাত্র-শিক্ষকদের যৌথ সভায় উপাচার্য পদত্যাগ না করা পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার হুমকি দেয়া হয়। তারা চাকসু ও ছাত্রঐক্যের বিজয় উৎসবে উপাচার্যের বক্তব্যের নিন্দা করে তাকে এরশাদের দালাল আখ্যা দেয়।

## বিশ্ববিদ্যালয় ক্লাবে শিক্ষকদের সভা

শহরস্থ বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত সংখ্যাগরিষ্ঠ শিক্ষকদের সভায় বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার ঘোষণাকে অবৈধ অভিহিত করে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম চালিয়ে যাবার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করা হয়। শিক্ষকবৃন্দ সুষ্ঠু শিক্ষার পরিবেশ ও আইনের শাসন পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে অস্থায়ী রাষ্ট্রপতির হস্তক্ষেপ কামনা করেছেন। তারা উপাচার্যের প্রতি কঠোর ও দৃঢ় পদক্ষেপ গ্রহণেরও আবেদন জানান।

কতিপয় শিক্ষকের আপত্তিকর কর্মসূচী গ্রহণ এবং সাংবাদিকদের সঙ্গে অশালীন আচরণের প্রতিবাদে আজ এ সভা অনুষ্ঠিত হয়। শিক্ষক সমিতির নির্বাহী পরিষদের সদস্য ডঃ ফসিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় ১শ' ১৮ জন শিক্ষক উপস্থিত ছিলেন। সভায় বিশ্ববিদ্যালয়কে অবরুদ্ধ শিক্ষাঙ্গনে পরিণত করার প্রতিবাদে

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ক্যাম্পাসে উত্তেজনা

( ১ম পাতার পর )

আগামীকাল শনিবার ক্যাম্পাসে শিক্ষকদের মৌন মিছিল এবং সোমবার বিকেলে নিউমার্কেট সংলগ্ন ডাঃ মিলন চত্বরে ছাত্র-শিক্ষক-অভিভাবকসহ নাগরিক সমাবেশ ও মৌন মিছিল অনুষ্ঠানের কর্মসূচী নেয়া হয়।